



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ টিচার্স ট্রেনিং কলেজ ক্যাম্পাস, ময়মনসিংহ

ফোন : ০৯১-৬৩৩৩৩, E-mail : chairmanbisemym@gmail.com,

www.mymensingheducationboard.gov.bd



নং- মশিবো/বিদ্যা/নেত্র/২০১৯/২৩৩০

তারিখ : ১৮/০৩/২০২০ খ্রিঃ

বিষয় : বিদ্যালয়ে ম্যানেজিং কমিটির নির্বাচন/২০২০ এ অনিয়মের অভিযোগ তদন্ত প্রসঙ্গে।

সূত্র : জনাব অসীম কুমার উকিল, এমপি, ১৫৯, নেত্রকোণা-৩ (কেন্দ্রিয়া-আটপাড়া) মহোদয় কর্তৃক সুপারিশকৃত এবং ছাত্র অভিভাবক জনাব মোঃ লাহত মিয়া কর্তৃক স্বাক্ষরিত একখানা অভিযোগপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্র মূলে নেত্রকোণা জেলার আটপাড়া উপজেলাধীন “বাউসা উচ্চ বিদ্যালয়” এ ম্যানেজিং কমিটির নির্বাচন/২০২০ এ নিম্নলিখিত অনিয়মের অভিযোগ পাওয়া গিয়েছে।

ক) নির্বাচন অনুষ্ঠানের ৮০(আশি) দিন পূর্বে খসড়া ভোটার তালিকা নোটিশ বোর্ডে টানানো হয়নি।

খ) চূড়ান্ত ভোটার তালিকায় পূর্বের ম্যানেজিং কমিটির সভাপতির স্বাক্ষর নেই।

গ) ভোটার তালিকায় একই ব্যক্তির নাম তালিকার একাধিক ক্রমিকে পাওয়া গিয়েছে।

ঘ) জনাব তরিকুল ইসলাম (ভোটার ক্রমিক নং- ১৯৬) এর কোন সন্তান বাউসা উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থী না হওয়া সত্ত্বেও তিনি নির্বাচনে অংশগ্রহণ করেছেন।

ঙ) ভোটার ক্রমিক নং- ৫০৩ এর জনাব তুশিল মিয়া মৃত হওয়া সত্ত্বেও ভোটার তালিকায় তাঁর নাম উল্লিখিত আছে।

চ) অন্যান্য

এমতাবস্থায়, উল্লিখিত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক সুস্পষ্ট মতামতসহ এ পত্র ইস্যুর তারিখ হতে ০৭(সাত) কর্ম দিবসের মধ্যে তদন্ত প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত : বর্ণনানুযায়ী

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

ড. মোঃ দিদারুল ইসলাম

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ।

প্রাপক : উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

ও

প্রিজাইডিং অফিসার

ম্যানেজিং কমিটি নির্বাচন/২০২০

বাউসা উচ্চ বিদ্যালয়, আটপাড়া, নেত্রকোণা।

মেমো নং- ২৩৩০ (৫)

তারিখ : ১৮/০৩/২০২০ খ্রিঃ

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া, নেত্রকোণা।
- ২। জেলা শিক্ষা অফিসার, নেত্রকোণা।
- ৩। সহকারি প্রোগ্রামার, আইটি শাখা, অত্র বোর্ড।
- ৪। সভাপতি, ম্যানেজিং কমিটি, বাউসা উচ্চ বিদ্যালয়।
- ৫। প্রধান শিক্ষক, বাউসা উচ্চ বিদ্যালয়, আটপাড়া, নেত্রকোণা।
- ৬। অফিস কপি।

Islam

18.3.2020

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ।

(Signature)